



ডায়মণ্ড হারবার মহিলা বিশ্ববিদ্যালয়

সরিষা, ডায়মণ্ড হারবার রোড, দক্ষিণ ২৪ পরগনা, পিন ৭৪৩৩৬৮

দূরভাষ ০৩১৭৪-২৪৫৮০১

প্রথম বাৎসরিক সমাবর্তন ২০১৮

বিশ্ববিদ্যালয়ের শংসাপত্র প্রদান অনুষ্ঠানের নাম সমাবর্তন। ঐ দিন সকল সফল শিক্ষার্থীদের শংসাপত্র প্রদান করা হয়। উপস্থিত থাকেন বিশ্ববিদ্যালয়-এর মাননীয় আচার্য তথা পশ্চিমবঙ্গ-এর রাজ্যপাল, বিশ্ববিদ্যালয়ের উপাচার্য, বিশ্ববিদ্যালয় কোর্টের সদস্য সহ আমন্ত্রিত অতিথিরা। এই অনুষ্ঠানে যাঁরা প্রথম শ্রেণিতে প্রথম স্থান অধিকার করেছেন তাঁদের বিশ্ববিদ্যালয়ের তরফে মেডেল প্রদান করা হয়। একই সঙ্গে বিশ্ববিদ্যালয় সাম্মানিক উপাধি ডি.লিট প্রদান করে।

অনুষ্ঠানে সকল প্রাক্তন শিক্ষার্থীদের উপস্থিত থাকার অনুরোধ জানানো হচ্ছে (শিক্ষাবর্ষ- ২০১৬ এবং ২০১৭)। অনুষ্ঠানের নিয়মাবলী নিম্নরূপ।

[স্নাতকোত্তর উপাধি (ডিগ্রি) প্রাপকদের জন্য]

প্রথম বাৎসরিক সমাবর্তন ২০১৮

ডায়মণ্ড হারবার মহিলা বিশ্ববিদ্যালয়ের প্রথম বাৎসরিক সমাবর্তন অনুষ্ঠিত হবে আগামী ৮ই ফেব্রুয়ারি ২০১৮ বৃহস্পতিবার। স্থানঃ বিশ্ববিদ্যালয় প্রাঙ্গণ। সময় সকাল ১১ টা।

১। উপরিউল্লিখিত উপাধি প্রাপকদেরকে সমাবর্তন-স্থলে ৮ই ফেব্রুয়ারি ২০১৮ বৃহস্পতিবার তারিখে সকাল ১০টা ৩০ মিনিটের মধ্যে আসন গ্রহণ করতে হবে। অন্যথায় সেই প্রার্থীকে সমাবর্তনে অংশগ্রহণ করার অনুমতি দেওয়া হবে না।

২। সমাবর্তনের নিয়মাবলী বা সমাবর্তন সম্পর্কিত নির্দিষ্ট কর্তব্য পালনে ব্যর্থ উপাধিপ্রার্থীকে উপাধি গ্রহণের অনুমতি দেওয়া হবে না।

৩। সমাবর্তনে অনুপস্থিত উপাধিপ্রার্থীদের ক্ষেত্রে পূর্বে নির্ধারিত ফর্মে তাদের উল্লিখিত বাড়ির ঠিকানায় সমাবর্তনের তারিখ থেকে ছয় সপ্তাহ পরে উপাধিপত্র (Degree Certificate) রেজিস্টার্ড বা স্পিড পোস্টে পাঠিয়ে দেওয়া হবে।

৪। সমাবর্তনের পোশাকঃ

মহিলাদের ক্ষেত্রে-- সবুজ পাড়ের সাদা শাড়ি, সাদা ব্লাউজ/ সাদা সালায়ার কামিজ এবং সবুজ দোপাটা।

৫। প্রত্যেক উপাধি প্রাপককে একজন করে অতিথি সঙ্গে নিয়ে আসার অনুমতি দেওয়া হবে, সেজন্য একটি অনুমতিপত্র প্রদত্ত হবে।

৬। শুধুমাত্র উপাধি প্রাপক এবং অনুমতিপত্রধারীরাই সমাবর্তন-স্থলে প্রবেশের অনুমতি পাবে।

৭। বিশ্ববিদ্যালয়ের নির্দিষ্ট ফর্ম পূরণপূর্বক নির্ধারিত অর্থ প্রদান করে নির্দিষ্ট সময়ের মধ্যে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষকে সমাবর্তনে উপস্থিত থাকার বিষয়ে সম্মতি না জানালে কোনো উপাধি প্রাপককেই সমাবর্তনের দিন আসনগ্রহণের অনুমতি দেওয়া হবে না।

শিক্ষার্থীদের জন্য সাধারণ নিয়মাবলী

- প্রথম সমাবর্তন ২০১৮ তে অংশগ্রহণে ইচ্ছুক প্রার্থীদেরকে অবশ্যই নির্ধারিত ফর্ম পূরণের মাধ্যমে আবেদন করতে হবে। এই সম্পর্কিত ফর্ম বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট (www.dhvu.ac.in) থেকে ডাউনলোড করা যাবে।
- সমস্ত আবেদনপত্র (ফর্ম) বিশ্ববিদ্যালয়ের পরীক্ষা নিয়ামক মহাশয়ের দপ্তরে রেজিস্টার্ড বা স্পিড পোস্টের মাধ্যমে বা হাতে হাতে জমা দিতে হবে। আবেদনপত্র জমা দেওয়ার শেষ দিন ১৫ই জানুয়ারি, ২০১৮।
- সমস্ত উপাধিপত্র প্রাপকদেরকে প্রাসঙ্গিক আবেদনপত্র পূরণ করে জমা দিতে হবে।
- বিশ্ববিদ্যালয়ের “উত্তরীয়” সংগ্রহঃ

সমাবর্তনের দিন অর্থাৎ ৮ই ফেব্রুয়ারি, ২০১৮ তারিখে সকাল ৯টা ৩০ মিনিট থেকে ফর্ম জমা দেওয়ার পরে প্রাপ্ত প্রবেশের অনুমতিপত্রটি জমা দেওয়ার পর নির্ধারিত সময় মেনে সমাবর্তনস্থলে প্রবেশের জন্য নির্ধারিত “উত্তরীয়” সংগ্রহ করতে হবে বিশ্ববিদ্যালয়ের অ্যাকাডেমিক বিল্ডিং/সমাবর্তন স্থল থেকে। এছাড়াও সমাবর্তনের অনুমতিপত্র/প্রবেশপত্র সমাবর্তনের দিন সকাল ৯টা থেকে নির্ধারিত স্থানে দেওয়া হবে।

- উপাধিপ্রার্থীদের থেকে ১৫/০১/২০১৮ তারিখ পর্যন্ত প্রাপ্ত আবেদনপত্রের ভিত্তিতে তৈরি মেধাতালিকার ক্রম অনুসারে সমাবর্তনের দিনে উপাধিপত্র প্রদত্ত হবে। এজন্য প্রস্তুত বিষয়ভিত্তিক মেধাতালিকা বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে নির্দিষ্ট সময়ে প্রকাশিত হবে। সমাবর্তন সংক্রান্ত সর্বশেষ খবর জানার জন্য সমস্ত উপাধিপ্রাপককে নিয়মিত বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে নজর রাখতে বলা হচ্ছে।

- পদক প্রাপকদের জন্যঃ

১৫/০১/২০১৮ তারিখে বা তার পরে বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে পদক প্রাপকদের তালিকা পাওয়া যাবে।

- সমাবর্তনে অংশগ্রহণের পর শিক্ষার্থী/উপাধিপ্রাপকদেরকে বিশ্ববিদ্যালয়ের “উত্তরীয়”টি “উত্তরীয় গ্রহণ কেন্দ্রে” (অ্যাকাডেমিক বিল্ডিং/সমাবর্তন স্থলে) সমাবর্তন সমাপ্তির পর সেই দিনেই জমা দিতে হবে।
- শিক্ষার্থীদেরকে সমাবর্তনে অংশগ্রহণের জন্য মোট পাঁচশত টাকা (৫০০/-) জমা দিতে হবে(দুইশত টাকা সমাবর্তনে উপস্থিত থাকার নাম নথিভুক্তির জন্য এবং তিনশত টাকা “উত্তরীয়” সংগ্রহের জন্য জমাকৃত অর্থ, যা “উত্তরীয়” জমা দেওয়ার পর ফেরতযোগ্য)।
- উপরিউক্ত ৫০০/- টাকা NEFT করে পাঠাতে হবে IDBI Bank ডায়মণ্ড হারবার মেন রোড শাখায়, সরিষা, দক্ষিণ ২৪ পরগনা ৭৪৩৩৬৮, Account No. 1675104000064822, IFSC Code: IBKL0001675, MICR Code: 700259039.

স্বাক্ষরিত-
পরীক্ষা নিয়ামক
ডায়মণ্ড হারবার মহিলা বিশ্ববিদ্যালয়